



## যুক্তরাষ্ট্রের সামরিক জাহাজ লক্ষ্য করে ইরানের হামলা



মার্কিন জাহাজ। ছবি: সংগৃহীত

ওমান উপসাগরকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে উত্তেজনা আবারও বেড়েছে। সেখানে অবস্থানরত একটি মার্কিন যুদ্ধজাহাজকে লক্ষ্য করে ড্রোন হামলা চালিয়েছে ইরান।

সোমবার (২০ এপ্রিল) দেশটির আধা-সরকারি সংবাদমাধ্যম তাসনিম এই তথ্য প্রকাশ করে। খবরে বলা হয়, ইরানের পতাকাবাহী একটি কনটেইনার জাহাজ আটক করার পরই এই হামলার ঘটনা ঘটে।

তাসনিমের প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, ওমান উপসাগরে যুক্তরাষ্ট্রের নৌবাহিনী ওই জাহাজটি জব্দ করলে এর প্রতিক্রিয়ায় ইরানের সামরিক বাহিনী মার্কিন জাহাজের দিকে ড্রোন হামলা চালায়। যদিও এখন পর্যন্ত এই হামলায় কোনো ধরনের ক্ষয়ক্ষতির তথ্য পাওয়া যায়নি।

এর আগে ইরানের সশস্ত্র বাহিনীর সমন্বয়কারী সংস্থা খাতাম আল-আনবিয়া কেন্দ্রীয় সদর দপ্তর যুক্তরাষ্ট্রের এই নৌ অভিযানকে যুদ্ধবিরতির শর্ত ভঙ্গ হিসেবে আখ্যা দেয়। একই সঙ্গে তারা সতর্ক করে জানায়, মার্কিন বাহিনীর এই পদক্ষেপের জবাব দেওয়া হবে।

ঘটনার সূত্রপাত হয় যখন হরমুজ প্রণালির কাছাকাছি দিয়ে যাওয়ার সময় একটি ইরানি কার্গো জাহাজ আটক করে যুক্তরাষ্ট্র। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিজেই এই অভিযানের বিষয়টি নিশ্চিত করেছেন।

সূত্র: বিবিসি।